118

দৈনিক সংবাদ

তারিখ 08 FEB 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের মিছিলে ফের লাঠিচার্জ।। আহত ৫

(নিজস্ব বার্তা পরিবেশক)

পুলিশ গতকাল সোমবারও বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির মিছিলে লাঠিচার্জ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দোয়েল চত্বরে সমাবেশশেষে শিক্ষক সমিতির মিছিলটি গুলিস্তান এলাকায় পৌঁছলে পুলিশ লাঠিচার্জ করে। এতে ৫ জন শিক্ষক আহত হন বলে শিক্ষক সমিতি অভিযোগ করেছে। এদের মধ্যে আবদুর রশিদ শেখ ও মোশাররফ হোসেনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত রোববার দুপুরে সচিবালয়ের এক নম্বর গেটে শিক্ষকদের অবস্থান ধর্মঘট চলাকালে পুলিশ লাঠিচার্জ করে। পুলিশের লাঠিচার্জে ওই দিন ১৬ জন শিক্ষক আহত হন। এনিয়ে গত দু'দিনে পুলিশের লাঠির আঘাতে ২১ জন শিক্ষক আহত হয়েছেন।

গত দু'দিন শিক্ষকদের ওপরে পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে আজ মঙ্গলবার থেকে আগামী বৃহস্পতিবার পর্যন্ত শিক্ষকরা কালো ব্যাজ ধারণের কর্মসূচী ঘোষণা করেছেন।

## বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির কর্মসূচী

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি তাদের ৪ দফা দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশে ওই কর্মসূচী ঘোষণা করা হয়।

কর্মসূচীর মধ্যে রয়েছে আগামী ১লা এপ্রিল থেকে ১০ই এপ্রিল পর্যন্ত কর্মবিরতি। ১লা মে থেকে সরকারী নির্দেশ অমান্য ও ভাতা না তোলা এবং ১লা এপ্রিল থেকে ৩০শে মে পর্যন্ত বিরোধীদলের সমন্বয়ে থানা ও জেলায় গণসংযোগ।

এছাড়া শিক্ষক সমিতির মিছিলে পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে শিক্ষকরা আজ মঙ্গলবার থেকে আগামী বৃহস্পতিবার পর্যন্ত কালো ব্যাজ ধারণ করবেন।